দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা কলাম

NOV 13 2002

# পার্বত্যাঞ্চলে মা-শিশু স্বাস্থ্য ও শিক্ষা উন্নয়নে ১২ কোটি টাকার প্রকল্প

খাগড়াছড়ি সংবাদদাতা ॥ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের আওতাধীন ইউনিসেফ সাহায্যপুষ্ট সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে চলতি অর্থ বছরে ১১ কোটি ৮১ লাখ টাকা ব্যয়ে পার্বত্যাঞ্চলের মা ও শিশুদের জন্য স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ৩ পার্বত্য জেলার প্রায় ৬৪ হাজার পরিবারের মা ও শিশু এসব কর্মসূচীর সরাসরি সুফল ভোগ করবে। এসব কর্মসূচী বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার ৮ কোটি টাকা এবং ইউনিসেফ ৩ কোটি টাকা অর্থ যোগান দেবে। বর্ত্তমানে এ প্রকল্পের অধীনে মোট পাড়াকেন্দ্রের সংখ্যা দাঁড়িয়েছে ২ হাজার ২২০টি। প্রকল্পের প্রশিক্ষণ ও সামর্থ্য বৃদ্ধি কর্মসূচীর আওতায় ৮শ জন পাড়াকর্মীকে মৌলিক ও সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদান করা হবে। অন্যদিকে ৫শ জন কর্মীকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ১২০ জন কর্মীকে শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক প্রশিক্ষণ ও ৫শ জনকে পানি ও পয়ঃব্যবস্থা বিষয়ক প্রশি-

(১০ম পৃঃ দ্রঃ)

## পার্বত্যাঞ্চলে মা-শিশু

(১২শ পৃঃ পর)

ক্ষণ দেয়া হবে। প্রাথমিক পর্যায়ে ও পার্বত্য জেলার ৯টি উপজেলার ৩০০টি পাড়াকেন্দ্রে পরীক্ষামূলক-ভাবে এ কর্মসূচীর আওতায় জনগণের চাহিদা অনুযায়ী যথোপযুক্ত পানির উৎস উন্নয়ন ও পরিবেশ সহায়ক পয়ঃব্যবস্থা উন্নয়ন করা হয়। ইতিমধ্যে পাড়াকেন্দ্র নির্বাচন এবং জেলা ও উপজেলা পর্যায়ে অবহিতকরণ কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে।